দৈনিক ইত্তেফাক

76

তারিখ 01 AUG 1989
পৃষ্ঠা 1 কলাম 5

বাংলাদেশ শিক্ষা ... ডকুমেন্টেশন কেন্দ্র

১৩৬

# দক্ষ জনশক্তি গড়িয়া তুলিতে কারিগরি শিক্ষার সম্প্রসারণ প্রয়োজন

—শিক্ষা মন্ত্রী

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম জাতির প্রয়োজন অনুসারে দক্ষ জনশক্তি গড়িয়া তোলার লক্ষ্যে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা সম্প্রসারণের উপর গুরুত্বারোপ করিয়াছেন। (২য় পৃঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(শেষ পৃঃ পর)

মন্ত্রী গতকাল (সোমবার) বগুড়ায় ভোকেশনাল শিক্ষক প্রশিক্ষণ ইনষ্টিটিউট মিলনায়তনে "ভিটিআই শিক্ষকদের মানোন্নয়ন ও শিক্ষা উপকরণ প্রণয়ন" শীর্ষক চার সপ্তাহ ব্যাপী এক কর্মশিবিরের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তৃতা দিতেছিলেন।

কারিগরি শিক্ষা অধিদপ্তরের ভারপ্রাপ্ত মহা-পরিচালক আর মল্লিকের সভাপতিত্বে এ অনুষ্ঠানে বগুড়া জেলা পরিষদ চেয়ারম্যান আমিনুল ইসলাম সরকার এমপি এবং শিক্ষা সচিব হেদায়েত আহমেদও বক্তৃতা করেন। এশীয়া ও প্রশান্ত মহাসাগরীয় ইউনেস্কো অফিস এবং বাংলাদেশ সরকারের যৌথ উদ্যোগে আয়োজিত এই কর্মশিবিরে সারাদেশ হইতে ৩০ জনভিটিআই শিক্ষক অংশ নিতেছেন। শিক্ষামন্ত্রী বলেন, আমাদের দেশের বিপুল জনসংখ্যাকে জনসম্পদে রূপান্তরিত করার জন্য প্রেসিডেন্ট এরশাদের নেতৃত্বে পরিচালিত বর্তমান সরকার বৃত্তিমূলক শিক্ষার ব্যাপক প্রসারের প্রচেষ্টা চালাইতেছেন।

শিক্ষা মন্ত্রী অপরাহ্নে বগুড়া পলিটেকনিক ইনষ্টিটিউট পরিদর্শন করেন এবং নবনির্মিত ছাত্রী নিবাসের উদ্বোধন করেন। তিনি বগুড়াস্থ বহুভাষা সাঁটলিপি একাডেমীও পরিদর্শন করেন।—তথ্য বিবরণী